



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২১-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

রেফারী রিফ্রেশার্স কোর্স ২০২০

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের শীর্ষ স্থানীয় ১৩টি ক্লাব যথাক্রমে: বসুন্ধরা কিংস, আবাহনী লিমিটেড, শেখ রাসেল ক্রীড়া চক্র লিমিটেড, সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ, আরামবাগ ক্রীড়া সংঘ, লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিমিটেড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্র, চট্টগ্রাম আবাহনী লিমিটেড, মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড, রহমতগঞ্জ এমএফএস, ব্রাদার্স ইউনিয়ন লিমিটেড, বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব এবং উত্তর বারিধারা ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে 'ফেডারেশন কাপ ২০২০' এর খেলা আগামীকাল ২২-১২-২০২০ তারিখ হতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

এ উপলক্ষে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের রেফারীজ ডিপার্টমেন্টের তত্ত্বাবধানে লজ অব দ্যা গেম এর সর্বশেষ সংশোধনী ও গুরুত্বপূর্ণ আইন সম্পর্কে অদ্য ২১-১২-২০২০ তারিখ রিফ্রেশার্স কোর্স মতিঝিলস্থ বাফুফে ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে ২৭ জন ফুটবল রেফারী অংশগ্রহণ করে।

উক্ত রিফ্রেশার্স কোর্সে উপস্থিত ছিলেন বাফুফের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন, সিনিয়র সহ-সভাপতি, জনাব আব্দুস সালাম মুর্শেদী-এমপি, বাফুফে সদস্য ও রেফারীজ কমিটির চেয়ারম্যান জনাব জাকির হোসেন চৌধুরী, সদস্য জনাব ইমতিয়াজ হামিদ সবুজ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ, বাফুফে রেফারীজ কমিটির ডেপুটি চেয়ারম্যান হাজী মোঃ ইব্রাহিম নেসার।

কোর্সের ইন্ট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করছেন বাফুফে হেড অব রেফারী জনাব মোঃ আজাদ রহমান, জনাব সুজিত কুমার ব্যানার্জী, জনাব মোঃ তৈয়েব হাসান শামসুজ্জামান বাবু ও জনাব নাজমুল হুদা, এবং কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব শহিদুল ইসলাম লিমন।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।